

খিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

১০ (দশ) টাকা ও ১০০/- (একশত) টাকায় খোলা ব্যাংক হিসাবের মাসিক অগ্রগতি প্রতিবেদন।


(ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক)

বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় বিআরপিডি সার্কুলার নং-০১/২০১০, ০৭/২০১০, ২৯/২০১০, ০৪/২০১১, ০৫/২০১১, ০৮/২০১১, ১৭/২০১২; জিবিসিএসআরডি সার্কুলার নং-০১/২০১৩, ০৩/২০১৩ এর মারফত কৃষক, অতি দরিদ্র, মুক্তিযোদ্ধা, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি-দরিদ্র মহিলা, আইলা দুর্গত ব্যক্তি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গের এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের জন্য ১০(দশ) টাকা ও ১০০(একশত) টাকা জমাকরণপূর্বক ব্যাংক হিসাব খোলার জন্য সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ এবং বিশেষায়িত ব্যাংক বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ও বেসিক ব্যাংক লিঃ এ ১০/- টাকা এবং ১০০/-টাকা জমাকরণের মাধ্যমে উল্লেখিত খাতে ব্যাংক হিসাব খোলার কার্যক্রম অব্যাহত আছে। আর্থিক অন্তর্ভুক্তির আওতায় সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে ১০ (দশ) টাকা ও ১০০/- (একশত) টাকায় খোলা বিভিন্ন খাতভুক্ত হিসাবসমূহের ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক মাসিক অগ্রগতির সংখ্যাচিত্র ও রেখাচিত্র নিম্নে উপস্থাপিত হলো:


ছক-১ঃ কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

ব্যাংকের নাম	ডিসেম্বর মাসে খোলা মোট হিসাব	ডিসেম্বর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা
সোনালী ব্যাংক লিঃ	৩০৮১	২২৭৬৮৮০
জনতা ব্যাংক লিঃ	০	১৪৯২৬৪৬
অগ্রণী ব্যাংক লিঃ	৯১০	১৪৫৮২৮৮
রূপালী ব্যাংক লিঃ	৪৪	৪৮৭২৭৭
বাংলাদেশ কৃষি ব্যাংক	১৮২০	২৫২৯০৫০
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	০
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৪৭১	১৪৩০৮৭৩
বেসিক ব্যাংক লিঃ	১১০	২৯৯
মোট	৬৪৩৬	৯৬৭৫৩১৩

ডিসেম্বর মাসে কৃষকের ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র(চিত্র- ১ ও চিত্র- ২)



চিত্র ২ : মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা (সংশ্লিষ্ট মাসান্তে)



বিশ্লেষণঃ ছক-১ এর তথ্য অনুসারে ২০১৩ সালে ডিসেম্বর মাসে ছয়টি ব্যাংকে (সোনালী ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বেসিক ব্যাংক লিঃ) কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশী সংখ্যক হিসাব খোলা হয়েছে সোনালী ব্যাংকে (৩০৮১)। ডিসেম্বর মাস পর্যন্ত আটটি ব্যাংকে সর্বমোট ৯,৬৭৫,৩১৩ টি হিসাব খোলা হয়েছে যার মধ্যে সবচেয়ে বেশী পুঞ্জীভূত হিসাব খোলা হয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংকে (২৫২৯০৫০)। জনতা ব্যাংক ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ চলতি মাসে কৃষকের জন্য কোন হিসাব খোলেনি। উল্লেখ্য, এখন পর্যন্ত বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এ ১০/- টাকার বিনিময়ে কৃষকের কোন ব্যাংক হিসাব খোলা হয়নি এবং বেসিক ব্যাংক লিঃ এর মোট হিসাব সংখ্যা ২৯৯ টি।



ছিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

ছক-২ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

ব্যাংকের নাম	চলতি মাসে খোলা মোট হিসাব সংখ্যা			
	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	মুক্তিযোদ্ধা	ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব)	অন্যান্য ১০/- টাকার হিসাব* (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দুর্গত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক ইত্যাদি।)
সোনালী ব্যাংক লিঃ	৩০৩৯২৪	২৩০৭৩	৩০৩২	১৮৭৮৮৪
জনতা ব্যাংক লিঃ	৩১২৮	৮	২৭০	৩৪৫৪
অগ্রনী ব্যাংক লিঃ	১০৭	০	২	২৬৫
রূপালী ব্যাংক লিঃ	২০	০	০	৩৪৬
বাংলাদেশ কৃষি ব্যাংক	৭৪৮	৪	১৪১	২৪৯৪
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	০	০	০
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	০	০	০	০
বেসিক ব্যাংক লিঃ	০	০	০	০
মোট	৩০৭৯২৭	২৩০৮৫	৩৪৪৫	১৯৪৪৪৩

ব্যাংকের নাম	মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা (সংশ্লিষ্ট মাস পর্যন্ত মোট)			
	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	মুক্তিযোদ্ধা	ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব)	অন্যান্য ১০/- টাকার হিসাব* (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দুর্গত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক ইত্যাদি।)
সোনালী ব্যাংক লিঃ	১৪৫৮৭৩৩	১৩১২৬২	৪০১১	৩২৯৯০৮
জনতা ব্যাংক লিঃ	৩০৫৪৪৫	৩০৬১	১১৭৮	৬৯৭৫৪
অগ্রনী ব্যাংক লিঃ	৩৯১৫৮৬	১১৫০	৯৯৪	১২৪৮৮৫
রূপালী ব্যাংক লিঃ	২৩১৬৫	২৩৫	৩৭০	৪৮৪৮০
বাংলাদেশ কৃষি ব্যাংক	৫৭৪০৮৪	২৪৭৭	৪৬৫৩	৩১৮৬৩৪
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	৩	০	০
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২৫৪৩৩৩	৮০৯	১৭৩৯	১১৮৭৪৫
বেসিক ব্যাংক লিঃ	০	১	০	১২৬
মোট	৩০০৭৩৪৬	১৩৮৯৯৮	১২৯৪৫	১০১০৫৩২

চিত্র-৩ ও ৪ : ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র





বিশ্লেষণঃ ছক-২ এর তথ্য অনুসারে ২০১৩ সালের ডিসেম্বর মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে শীর্ষে রয়েছে সোনালী ব্যাংক লিঃ। এ মাসে সোনালী ব্যাংকে কৃষকের হিসাব ব্যতীত ১০/- টাকা ও ১০০/-টাকায় ৩০৩৯২৪টি হিসাব খোলা হয়েছে। এর মধ্যে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দুর্গত ব্যক্তি এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের হিসাব খোলা হয়েছে ১৮৭৮৮৪টি। এছাড়া, ডিসেম্বর মাসে সকল খাতের আওতায় সোনালী ব্যাংক লিঃ এ সর্বোচ্চ হিসাব খোলা হয়েছে। উল্লেখ্য যে, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং বেসিক ব্যাংক লিঃ ২০১৩ সালের ডিসেম্বর মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় কোন হিসাব খুলেনি। এছাড়া, এ হিসাবের আওতায় বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের হিসাব সংখ্যা অন্যান্য ব্যাংকের তুলনায় সর্বনিম্ন।

গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

ছক-৩ঃ কৃষকের হিসাবসহ ১০/- টাকায় ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

খাতের নাম	ডিসেম্বর মাসে খোলা মোট হিসাব	ডিসেম্বর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা
কৃষক	৬৪৩৬	৯,৬৭৫,৩১৩
সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	৩০৭,৯০৭	৩,০০৭,৩৪৬
মুক্তিযোদ্ধা	২৩,০৮৫	১৩৮,৯৯৮
ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (১০০/ টাকার হিসাব)	৩৪৪৫	১২,৯৪৫
অন্যান্য ১০/-টাকার হিসাব* (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক এবং আইলা দূর্গত ব্যক্তি ইত্যাদি।)	১৯৪৪৪৩	১,০১০,৫৩২
মোট	৫৩৫,৩১৬	১৩,৮৪৫,১৩৪

১০/- টাকায় (কৃষকের হিসাবসহ) ও ১০০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র(চিত্র-৫ ও চিত্র-৬)



বিশ্লেষণঃ ছক-৩ এর তথ্য অনুসারে ২০১৩ সালের ডিসেম্বর মাসে সকল শ্রেণীতে ১০/- টাকা ও ১০০/-টাকায় মোট ৫৩৫,৩১৬টি হিসাব খোলা হয়েছে। এর মধ্যে অন্যান্য ১০/- টাকার হিসাব* শতকরা ৫৮% (চিত্র: ৫) যা অন্যান্য হিসাব সংখ্যার তুলনায় সর্বোচ্চ। মাসান্তে সর্বমোট ১৩,৮৪৫,১৩৪টি ১০/- টাকায় ও ১০০/-টাকায় হিসাব খোলা হয়েছে। এর মধ্যে অন্যান্য ১০/- টাকার হিসাব* সংখ্যা শতকরা ৫৮% যা সর্বোচ্চ এবং কৃষকের হিসাব সংখ্যা শতকরা ৩৭%, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের হিসাবের সংখ্যা শতকরা ৪% এবং মুক্তিযোদ্ধাদের হিসাবের সংখ্যা শতকরা ১%(চিত্র: ৬)।

-----০-----